বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৩০.৯৯.০০৪.২০.৯৯২

তারিখ: ২৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: কমিশন নির্ধারিত তথ্য ছক অনুযায়ী প্রস্তাবিত প্রোগ্রাম অনুমোদনের আবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এর ধারা ২৪(৩) অনুযায়ী বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিভিন্ন প্রোগ্রামের কারিকুলাম অনুমোদনের জন্য কমিশনে আবেদন করেন। উচ্চ শিক্ষাকে আরে গতিশীল ও শিক্ষার গুনগতমান নিশ্চিত করার স্বার্থে প্রস্তাবিত প্রোগ্রাম অনুমোদনে আবেদন করার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের জন্য কমিশন কর্তৃক কতিপয় বিষয় নির্ধারণ করা হয়েছে। বিষয়সমূহ নিম্নরূপঃ

১. মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগপ্রাপ্ত উপাচার্য এবং কোষাধ্যক্ষ নিয়োজিত রয়েছেন কি-না :

২. বিশ্ববিদ্যালয় স্থায়ী সনদ প্রাপ্ত কি-না :

৩. আইন অনুযায়ী সাময়িক অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় স্থায়ী ক্যাম্পাসে স্থানান্তরিত হয়েছে কি-না :

৪. সাময়িক অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়া বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী ক্রয়কৃত জমি বিশ্ববিদ্যালয়ের নামে রেজিস্ট্রেশন আছে কি-না :

৫. আইন অনুযায়ী সাময়িক অনুমতির মেয়াদ উত্তীর্ণ হয় নি সেসব বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ভাড়াকৃত ভবনের আয়তন :

৬. জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস কর্তৃক বোর্ড অব ট্রাস্টিজ এর রেজিস্ট্রেশন আছে কি-না :

৭. কোন মামলা রয়েছে কি-না :

| BOT সংক্রান্ত দ্বন্দ্ব/মামলা | সরকার ও কমিশনকে বিবাদী করে মামলা | মামলা সংক্রান্ত তথ্য | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

৮. নিম্নে উল্লিখিত বিষয়ে কোন তদন্ত চলমান আছে কি-না :

| বিভিন্ন অনিয়ম | দুর্নীতি | অর্থ আত্মসাৎ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

৯. শিক্ষা মন্ত্রণালয় মনোনীত অডিট ফার্ম দ্বারা বিগত ২ বছরের অডিট রিপোর্ট হালনাগাদ পূর্বক কমিশনে অডিট রিপোর্ট প্রেরণ করা হয়েছে কি-না :

১০. অনুমোদিত সর্বমোট প্রোগ্রাম সংখ্যা :

১১. সর্বশেষ অনুমোদিত প্রোগ্রামের নাম ও অনুমোদনের তারিখ :

১২. আইন অনুযায়ী নির্ধারিত পরিমানে FDR আছে কি-না :

১৩. এ পর্যন্ত কয়টি সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে? সর্বশেষ সমাবর্তন কবে অনুষ্ঠিত হয়েছে :

১৪. অননুমোদিত কোন ক্যাম্পাস আছে কি-না :

১৫. অননুমোদিত কোন প্রোগ্রাম পরিচালিত হচ্ছে কি-না :

১৬. প্রস্তাবিত প্রোগ্রামটি যে অনুষদের অধীনে পরিচালিত হবে সে অনুষদের ডীন নিয়োজিত আছেন কি-না :

১৭. উক্ত অনুষদের অধীনে অনুমোদিত প্রোগ্রামসমূহে বিদ্যমান শিক্ষক সংখ্যা :

পূর্ণকালীন শিক্ষক সংখ্যা (পদভিত্তিক)

| প্রোগ্রামরে নাম | অধ্যাপক | সহযোগী অধ্যাপক | সহকারী অধ্যাপক | প্রভাষক | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| মোট | | | | | |

খন্ডকালীন শিক্ষক সংখ্যা (পদভিত্তিক) :

| প্রোগ্রামরে নাম | অধ্যাপক | সহযোগী অধ্যাপক | সহকারী অধ্যাপক | প্রভাষক | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| মোট | | | | | |

১৮. প্রস্তাবিত প্রোগ্রামটি যে বিভাগে পরিচালিত হবে তার নাম :

১৯. প্রস্তাবিত প্রোগ্রামের শিরোনাম :

২০. প্রস্তাবিত প্রোগ্রাম চালু করার যৌক্তিকতা কি :

২১. প্রস্তাবিত প্রোগ্রামটি পরিচালনার জন্য ভৌত অবকাঠামোর বিবরণ :

| শ্রেণীকক্ষের সংখ্যা | প্রতিটি কক্ষ ভিত্তিক আয়তন ও কক্ষ নম্বর | শিক্ষার্থী ধারন ক্ষমতা | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২২. ল্যাব ভিত্তিক প্রোগ্রামের ক্ষেত্রে ল্যাবের নামসহ যন্ত্রপাতির বিবরণ :

২৩. প্রোগ্রাম সংশ্লিষ্ট বই, রেফারেন্স বই, ই-বুক ও ই-র্জানাল সংখ্যা :

২৪. অভিন্ন গ্রেডিং পদ্ধতি সম্পূর্ণ অনুসরণ করা হচ্ছে কি-না :

২৫. যদি না হয় তাহলে কি কি প্রোগ্রামে অভিন্ন গ্রেডিং পদ্ধতি অনুসরণ করা হচ্ছে :

২৬. অনুমোদিত প্রোগ্রামসমূহ ডুয়েল সেমিস্টার পদ্ধতিতে পরিচালিত: হচ্ছে কি-না ; যদি সম্পূর্ণ না হয় তাহলে কি কি প্রোগ্রাম ডুয়েল সেমিস্টার পদ্ধতিতে পরিচালিত হচ্ছে

২৭. কমিশন অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী IQAC গঠন করা হয়েছে কিনা (প্রযোজ্য ক্ষেত্রে IQAC গঠনের অফিস আদেশ সংযুক্তকরণ) :

২৮. কমিশন অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী IQAC-তে নিযুক্ত কর্মকর্তাদের নাম ও পদবি :

| ক্র. নং | নাম | পদবি | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২৯. আলোচ্য বছরে IQAC কর্তৃক গৃহীত কার্যক্রমের বিবরণ :

| ক্র. নং | প্রশিক্ষণ (সংখ্যা) | সেমিনার/ওর্য়াকশপ (সংখ্যা) (জাতীয় ও আন্তর্জাতিক) | কোলাবরেশন (সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |
| মোট | | | | |

৩০. প্রস্তাবিত কারিকুলাম BNQF এবং OBE টেমপ্লেট অনুযায়ী প্রনয়ণ করা হয়েছে কি-না :

এমতাবস্থায়, প্রস্তাবিত প্রোগ্রাম অনুমোদন আবেদনের সাথে উল্লিখিত তথ্যাদিও বিশ্ববিদ্যালয় কর্তৃক কমিশনে প্রেরণ করতে হবে। প্রদত্ত তথ্যাদি যাচাই বাছাই করে সন্তোষজনক হলে প্রস্তাবিত প্রোগ্রাম অনুমোদনের প্রাথমিক কার্যক্রম হিসেবে কমিশন কর্তৃক মনোনীত বিশেষজ্ঞের নিকট সংশ্লিষ্ট প্রোগ্রামের কারিকুলাম প্রেরণ করা হবে। উল্লেখ্য, ইতোমধ্যে কমিশনে যে সকল

প্রোগ্রামের অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে সে সকল প্রোগ্রামের অনুমোদন প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করা হবে।

উচ্চ শিক্ষার গুনগত মান নিশ্চিত করার ক্ষেত্রে সকলের সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

১০-১১-২০২৪
ড. মোঃ সুলতান মাহমূদ ভূইয়া
পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ)

রেজিস্ট্রার, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৩০.৯৯.০০৪.২০.৯৯২/১ (৪)

তারিখ: ২৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয়), বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
২। পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৩। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং
৪। ব্যক্তিগত কর্মকর্তা, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

১০-১১-২০২৪
নাসিমা আক্তার খাতুন
উপ-পরিচালক